বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রীজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH

www.bcic.gov.bd

নং- ৩৬.০১.০২৭.০১.০২.৪৬২৪.২০২০/৫৭

তারিখঃ ০৪-০২-২০২০খ্রিঃ।

একই তারিখ ও সূত্রে প্রতিস্থাপিত গণ্য হবে।

বিষয় ঃ জনাব মোঃ মেহেদী ইসলাম, সহকারী বাণিজ্যিক কর্মকর্তা, এএফসিসিএল, আশুগঞ্জ এর বিরুদ্ধে বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

১। যেহেতু, আপনি জনাব মোঃ মেহেদী ইসলাম সংস্থাধীন এএফসিসিএল, আশুগঞ্জ-এ সহকারী বাণিজ্যিক কর্মকর্তা পদে কর্মরত আছেন। কারখানার প্রয়োজনে Linde Bangladesh Ltd. হতে বরাবরের মত তরল নাইট্রোজেন ক্রয় করা হয়ে থাকে। আপনি উক্ত ক্রয় কাজের সাথে সরাসরি জড়িত। আপনি Liquid N_2 এর জন্য Cheque নিয়ে Liquid N_2 না এনে মালামালের Code-এ টাকা জমা দিয়ে ভিন্ন (মেটাল) মালামাল উঠিয়ে বিক্রয় করে অর্থ আত্মসাত করেছেন। এক্ষেত্রে জালিয়াতির মাধ্যমে নকল গেইট ইন-এ N_2 কারখানায় ইন দেখিয়েছেন, প্রকৃত পক্ষে কোন N_2 বা মালামাল কারখানায় প্রবেশ করেনি, যাহা Linde এর Statement এবং কারখানার তদন্তে প্রমাণিত হয়েছে।

২। যেহেতু, আপনি বর্ণিত তরল নাইট্রোজেন ক্রয় বাবদ হিসাব বিভাগ হতে প্রদত্ত ১১টি চেকের মধ্যে ১০টি চেক গ্রহণ করেছেন। প্রতিবেদন মতে, Linde Bangladesh Ltd. এর ১১টি এলপিতে আনুমানিক ১,২১,৮১,৯৩৯.০০/- (এক কোটি একুশ লক্ষ একাশি হাজার নয়শত উনচল্লিশ) টাকা জালিয়াতির মাধ্যমে আপনি আত্মসাত করেছেন।

৩। যেহেতু, তরল নাইট্রোজেন ক্রয় প্রক্রিয়ার সকল কাজ Linde Bangladesh Ltd. থেকে বাণিজ্যিক বিভাগ/স্থানীয় ক্রয় শাখা কর্তৃক সরাসরি করা হয়। এক্ষেত্রে অফার গ্রহণ, মূল্যায়ন, ক্রয়াদেশ দান, মালের চালান গ্রহণ, চালানের কপি স্টোরে এবং ইউটিলিটি বিভাগে প্রেরণ, স্টোর হতে এমআরআর সংগ্রহ করে বিল পরিশোধের জন্য সুপারিশ/চেক প্রস্তুতের জন্য আইডিএন বাণিজ্যিক বিভাগ/স্থানীয় ক্রয় শাখা কর্তৃক তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে করা হয়। উল্লেখিত ক্রয় আদেশগুলোর বিপরীতে প্রাপ্ত লগ সিট এ গেইট ইন এর স্বাক্ষর জাল/নকল করণের ০৩টি সিল, ০২টি প্যাড, পোর্টেবল হার্ডডিস্ক আপনার দাপ্তরিক কাজে ব্যবহৃত টেবিলের ড্রয়ারে পাওয়া গেছে এবং Linde Bangladesh Ltd. এর সাথে যোগাযোগের নথিপত্রাদি পাওয়া গেছে। জালিয়াতির ক্ষেত্রে আপনি উর্দ্ধতন কর্মকর্তাসহ অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ও সিল নকল করেছেন।

৪। যেহেতু, প্রতিবেদন মতে, আপনি যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে প্রায়শই অফিস সময়ের পরে রাতের বেলা অফিসে প্রবেশ করে কাজকর্ম করতেন।

৫। যেহেতু, এলপি নং-১৪২ তাং ঃ ১৮-০৫-২০১৮, এলপি নং-১৫৯ তাং ঃ ২০-০৬-২০১৮, এলপি নং-০১২ তাং ঃ ২৩-০৭-২০১৮, এলপি নং-০৪৭ তাং ঃ২০-০৯-২০১৮, এলপি নং-০৫৭ তাং ঃ ১৫-১০-২০১৮, এলপি নং-০৭০ তাং ঃ ০৮-১১-২০১৮, এলপি নং-০৭৪ তাং ঃ ১৮-১১-২০১৮, এলপি নং-১০৭ তাং ঃ ২৬-০১-২০১৯, এলপি নং-১৫৯ তাং ঃ ২৭-০৩-২০১৯, এলপি নং-১৭৬ তাং ঃ ২২-০৫-২০১৯, এলপি নং-০৩০ তাং ঃ ২১-০৮-২০১৯ এর মধ্যে বেশিরভাগ এলপির বিপরীতে তরল নাইট্রোজেন এর গেইট ইন/লগ সিট এর জায়গায় নকল সিল ও স্বাক্ষর দিয়ে গেইট ইন দেখিয়েছেন এবং পরবর্তীতে লগ সিটে নকল স্বাক্ষর দিয়ে কেমিক্যাল ভান্ডারে প্রেরণ করেছেন। প্রতিবেদন মতে, অসৎ উদ্দেশ্যে এবং ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার জন্য আপনি বর্ণিত জালিয়াতির আশ্রয় নিয়েছেন।

৬। যেহেতু, আপনার এরুপ কর্মকান্ড কারখানার আর্থিক ও সাধারণ শৃঙ্খলা বিরোধী কর্মকান্ড, অর্থ আত্মসাত, প্রতারণা, তহবিল তসরূপ, ক্ষমতার অপব্যবহার, ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার প্রয়াশ এবং দুর্নীতির পর্যায়ভুক্ত অপরাধ।

চলমান পাতা-০২

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রীজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH

www.bcic.gov.bd

৭। সেহেতু এক্ষণে, আপনার এরুপ কর্মকান্ড বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৩৮ (ক) (খ) (চ) এবং (ছ) ভুক্ত অপরাধ। উল্লেখিত কার্যকলাপের জন্য কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত বা অন্যকোন বিধিসম্মত যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না, তার কারণ (যদি কিছু থাকে) এ নোটিশ পাওয়ার ১০ (দশ) টি কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রদান করবেন এবং এ ব্যাপারে আপনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষন করেন কিনা তাও জবাবে উল্লেখ করবেন। যথাসময়ে জবাব পাওয়া না গেলে ধরে নেয়া হবে যে এ অভিযোগে আপনার কোন জবাব নেই এবং তদপ্রেক্ষিতে কর্তৃপক্ষ আপনার বিষয়ে একতরফা আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন। বিধি অনুযায়ী অভিযোগনামার সাথে একসেট অভিযোগ বিবরণী প্রেরণ করা হলো।

22/2/2020

(মোঃ হাইয়ুল কাইয়ুম)
চেয়ারম্যান
বিসিআইসি, ঢাকা।
ফোন নং- ৯৫৬৪১৫৩
E-mail: chairman@bcic.gov.bd

প্রাপক ঃ

জনাব মোঃ মেহেদী ইসলাম
সহকারী বাণিজ্যিক কর্মকর্তা
ব্যক্তিগত নথি নং-২৩২১
এএফসিসিএল,
আশুগঞ্জ, বি-বাড়িয়া।

অনুলিপি (জ্যেষ্ঠতা বা পদের ক্রমানুসারে নয়) ঃ

০১। পরিচালক ( ), বিসিআইসি।
০২। ব্যবস্থাপনা পরিচালক, এএফসিসিএল, আশুগঞ্জ, বি-বাড়িয়া।
০৩। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি।
০৪। মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি- ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
০৫। মহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, বিসিআইসি।
০৬। উপমহাব্যবস্থাপক (প্রশা-২), কর্মচারী বিভাগ, বিসিআইসি।
০৭। ইনচার্জ, প্রশাসন-০১ শাখা, কর্মচারী বিভাগ, বিসিআইসি।
০৮। দপ্তর নথি
০৯। মহানথি।